তারিখ ... ২৭.৮.৮৫ ...
পৃষ্ঠা ... ১ ... [illegible] ... ২ ...

0 078

দৈনিক বাংলা

# এইচএসসি পরীক্ষার ফলঃ পাসের হার ৫৫

(স্টাফ রিপোর্টার)

দেশের চারটি বোর্ডের এইচএসসি পরীক্ষার ফল গতকাল প্রকাশিত হয়েছে। এবার মোট ১ লাখ ৮৪ হাজার ৮শ ৭৩ জন ছাত্রছাত্রী পরীক্ষা দিয়েছিল। পাস করেছে এক লাখ এক হাজার পাঁচশ ৬১ জন। পাসের হার গড়ে ৫৪ দশমিক ৯৩ ভাগ।

পাসের হার ঢাকা বোর্ডে ৫৫ দশমিক ৪৩ ভাগ, রাজশাহী বোর্ডে ৫৯ দশমিক ৩১ ভাগ, কুমিল্লা বোর্ডে ৫৮ দশমিক শূন্য চার ভাগ

(৫-এর পৃঃ দ্রঃ)



তানভীর সোবহান

## মেধা তালিকা

(স্টাফ রিপোর্টার)

দেশের চারটি বোর্ডের এইচএসসি পরীক্ষার সম্মিলিত মেধা তালিকা এবং বাণিজ্য ও কলা বিভাগের সম্মিলিত মেধা তালিকায় স্থানলাভকারীদের নাম নীচে দেওয়া হল।

**ঢাকা বোর্ড**

সম্মিলিত ও বিজ্ঞান শাখার মেধা তালিকাঃ প্রথম—তানভীর সোবহান, ঢাকা রোল ৬৯, ঢাকা কলেজ ৪টি লেটারসহ ৯১৫ নম্বর, দ্বিতীয়—এ কে এম মাহবুব মোরশেদ, ঢাকা রোল ১২৭, ঢাকা কলেজ

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)



শেগুফতা আফরীন আজহার



শাহনাজ বেগম

## তানভীর ডাক্তার হয়ে দেশ সেবা করতে চায়

(স্টাফ রিপোর্টার)

তানভীর সোবহান ডাক্তার হয়ে দেশ সেবা করতে চায়। ঢাকা কলেজের ছাত্র তানভীর এবারের সম্মিলিত মেধা তালিকায় শীর্ষ স্থান অধিকার করেছে। তার প্রাপ্ত নম্বর ৯১৫।

পরীক্ষার ফল সম্পর্কে তার ধারণা ছিল ভালো হবে। কিন্তু এতোটা ভালো হবে তা আশা করেনি। পড়াশোনার ব্যাপারে আব্বা-আম্মার কাছ থেকে সে উৎসাহ পেয়েছে। তার বড় ভাই খালেদ সোবহান কৃতী ছাত্র এসএসসিতে সম্মিলিত মেধা তালিকায় প্রথম ও এইচএসসিতে দ্বিতীয় হয়েছিল। তানভীরের ডাক নাম সায়েম। তার বাবা জনাব আবদুস সোবহান যোগাযোগ মন্ত্রণালয়ের উপ-সচিব। মা ডক্টর রওশন জাহান ঢাকা বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগের এসিস্ট্যান্ট প্রফেসর।

সায়েমের প্রিয় বিষয় অংক এবং

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## পাসের হার ৫৫

(১-এর পৃঃ পর)

ও যশোর বোর্ডে ৪৭ দশমিক ৩৮ ভাগ।

ঢাকা বোর্ড থেকে এবার ৫৫ হাজার ৪শ ২৩ জন পরীক্ষা দিয়েছিল। পাস করেছে ৩০ হাজার ৭শ ২০ জন। এর মধ্যে প্রথম বিভাগে ৩ হাজার ৪৭ জন, দ্বিতীয় বিভাগে ১৪ হাজার ১শ ৮৪ জন এবং তৃতীয় বিভাগে ১৩ হাজার ৪শ ৮৯ জন পাস করে।

সম্মিলিত মেধা তালিকায় ঢাকা বোর্ডে ৪টি লেটারসহ মোট ৯১৫ নম্বর পেয়ে প্রথম হয়েছে ঢাকা কলেজের বিজ্ঞান বিভাগের ছাত্র তানভীর সোবহান (রোল ঢাকা ৬৯)। দ্বিতীয় স্থান পেয়েছে ৪টি লেটারসহ মোট ৯১০ নম্বর পেয়ে একই কলেজের বিজ্ঞান বিভাগের ছাত্র এ কে এম মাহবুব মোরশেদ (রোল ঢাকা ১২৭)।

রাজশাহী বোর্ড থেকে পরীক্ষা দিয়েছিল ৪২ হাজার ৫শ ৩৩ জন। পাস করেছে ২৫ হাজার ২শ ৩০ জন। এর মধ্যে প্রথম বিভাগে ১ হাজার ৮শ ৯৪ জন, দ্বিতীয় বিভাগে ১১ হাজার ৫শ ১১ জন এবং তৃতীয় বিভাগে ১১ হাজার ৮শ ২৫ জন পাস করে।

সম্মিলিত মেধা তালিকায় রাজশাহী বোর্ডে প্রথম স্থান অধিকার করেছে রাজশাহী ক্যাডেট কলেজের এ কে এম আবদুল আজিজ শিবলী (রাজ ক্যাডেট-৪)। ৪টি বিষয়ে লেটারসহ সে মোট ৯২৬ নম্বর পেয়েছে। রাজশাহী সরকারী কলেজের প্রনব কুমার দাস ৪টি বিষয়ে লেটারসহ মোট ৮৯০ নম্বর পেয়ে দ্বিতীয় স্থান অধিকার করেছে। তারা সবাই বিজ্ঞান বিভাগের।

এবার এইচএসসি পরীক্ষায় কুমিল্লা বোর্ডে অংশ নিয়েছিল ৪১ হাজার [illegible] জন ছাত্রছাত্রী। পাস করেছে ২৪ হাজার ১শ ৯ জন। কুমিল্লা বোর্ডে প্রথম বিভাগে ১ হাজার ৪শ ১৫ জন, দ্বিতীয় বিভাগে ১১ হাজার ২শ ২০ জন এবং তৃতীয় বিভাগে ১১ হাজার ৪শ ৭৪ জন পাস করে।

কুমিল্লা বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করেছে ৪টি বিষয়ে লেটারসহ মোট ৯০৯ নম্বর পেয়ে চট্টগ্রাম কলেজের আহমদ তানভীর তাহের (রোল-চিট-৬১৪)। দ্বিতীয় স্থানের অধিকারী ফৌজদারহাট ক্যাডেট কলেজের মোহাম্মদ আশরাফ জাহাঙ্গীর (রোল-ফৌজ-১৯)। ৪টি বিষয়ে লেটারসহ সে মোট ৮৭০ নম্বর পেয়েছে। উভয়েই বিজ্ঞান বিভাগের ছাত্র।

যশোর বোর্ডে থেকে এ বছর ৪৫ হাজার ৩শ ৮০ জন পরীক্ষা দেয়। পাস করেছে ২১ হাজার ৫শ ২ জন এর মধ্যে রয়েছে প্রথম বিভাগে ১ হাজার ৩শ ৪২ জন, দ্বিতীয় বিভাগে ৯ হাজার ৪১৫ জন এবং তৃতীয় বিভাগে ১০ হাজার ছাত্রছাত্রী। পাসের হার গড়ে ৪৭ দশমিক ৩৮ ভাগ।

সম্মিলিত মেধা তালিকায় যশোর বোর্ডে প্রথম স্থানাধিকারী সরকারী বজলাল কলেজের বিজ্ঞান বিভাগের আহমদ সিরাজী (দৌলতপুর-১৫৪)। তিনটি লেটারসহ সে মোট ৮৬৯ নম্বর পেয়েছে। দ্বিতীয় স্থান অধিকার করেছে ঝিনাইদহ ক্যাডেট কলেজের বিজ্ঞান বিভাগের ছাত্র মুহম্মদ শফিকুল ইসলাম (ক্যাডেট-১৫)। তিনটি লেটারসহ সে মোট ৮৬৭ নম্বর পেয়েছে।

৪টি বোর্ডেই সম্মিলিত মেধা তালিকার ২০টি স্থানের অধিকারীরা সবাই বিজ্ঞান বিভাগের ছাত্রছাত্রী। ঢাকা বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় ২ জন ছাত্রী, রাজশাহী বোর্ডে ৪ জন ছাত্রী, কুমিল্লা বোর্ডে ৮ জন ছাত্রী ও যশোর বোর্ডে ৩ জন ছাত্রীর নাম রয়েছে। বাকী সবাই ছাত্র।

ঢাকা বোর্ডের কলা শাখার মেধা তালিকার ১০ জনই ছাত্রী। তারা সবাই হলিক্রস কলেজ থেকে পরীক্ষা দিয়েছিল। এই বোর্ডে কলা শাখায় প্রথম হয়েছে শাহনাজ বেগম (রোল ঢাকা-৪৬৯০২)। দুটি বিষয়ে লেটারসহ সে মোট ৮০৪ নম্বর পেয়েছে। বাণিজ্য শাখার মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করেছে লালমাটিয়া মহিলা কলেজের ছাত্রী রাশিদা কাঁচওয়ালা (রোল-ঢাকা ৬২২৬৯)। দুটি বিষয়ে লেটারসহ সে মোট ৮১০ নম্বর পেয়েছে।

রাজশাহী বোর্ডের কলা শাখায় মেধা তালিকায় প্রথম স্থান পেয়েছে রাজশাহী সরকারী কলেজের খন্দকার শরীফুল ইসলাম (রাজ-২৬৬)। দুটি বিষয়ে লেটারসহ সে মোট ৭৮৪ নম্বর পেয়েছে। বাণিজ্য বিভাগের মেধা তালিকায় প্রথম স্থানাধিকারী রাজশাহী সরকারী কলেজের মোঃ শাহীদুল কবির (রাজ-৮৩৯)। সে মোট ৭০৩ নম্বর পেয়েছে।

কুমিল্লা বোর্ডে কলা শাখার মেধা তালিকায় প্রথম স্থান অধিকারিণী চট্টগ্রাম কলেজের মোসাম্মৎ উম্মে হাবিবা (চিট-ম৬৬)। একটি লেটারসহ সে মোট ৭০১ নম্বর পেয়েছে। বাণিজ্য বিভাগের মেধা তালিকায় প্রথম হয়েছে চট্টগ্রাম সরকারী বাণিজ্য কলেজের মোঃ ওমর আল ফারুক (চিট-২ রোল ২৪২) সে মোট ৭১২ নম্বর পেয়েছে।

যশোর বোর্ডের কলা শাখার মেধা তালিকায় প্রথম স্থান পেয়েছে পিরোজপুর সরকারী কলেজের মোঃ শামীম আহসান (পিরোজ-৪৪৬)। একটি লেটারসহ সে মোট ৭৮০ নম্বর পেয়েছে। বাণিজ্য বিভাগের মেধা তালিকায় প্রথম স্থানের অধিকারী বরিশাল কলেজের খোন্দকার মোস্তাফিজুর রহমান (বরি-২৪৩৬)। দুটি লেটারসহ সে মোট ৭৪২ নম্বর পেয়েছে।

দেশের ৪টি বোর্ড থেকে এবার এইচএসসি পরীক্ষায় বিজ্ঞান বিভাগে ৭২ হাজার ৬৮ জন, কলা বিভাগে ৬৭ হাজার ২শ ৫৫ জন ও বাণিজ্য বিভাগে ৩৯ হাজার ৭৪১ জন অংশ নিয়েছিল। এর মধ্যে পাস করেছে বিজ্ঞান বিভাগে ৪৩ হাজার ৮২৪ জন, কলা বিভাগে ৩৩ হাজার ৫৪৯ জন এবং বাণিজ্য বিভাগে ২০ হাজার ৫১০ জন।

বিজ্ঞানে পাসের হার ঢাকা বোর্ডে ৫৭ দশমিক ৫৭, রাজশাহী বোর্ডে ৬৮ দশমিক শূন্য ৯ ভাগ, কুমিল্লা বোর্ডে ৬৬ দশমিক ১২ ভাগ ও যশোর বোর্ডে ৫৩ দশমিক ৪৪ ভাগ।

কলা বিভাগে পাসের হার ঢাকা বোর্ডে ৫২ দশমিক ৩৫ ভাগ, রাজশাহী বোর্ডে ৪৮ দশমিক ৯ ভাগ, কুমিল্লা বোর্ডে ৫৫ দশমিক ৬৬ ভাগ ও যশোর বোর্ডে ৪৩ দশমিক ৮৮ ভাগ।

বাণিজ্য বিভাগে ঢাকা বোর্ডে পাসের হার ৫৩ দশমিক ৯১ ভাগ, রাজশাহী বোর্ডে ৬০ দশমিক ১৬ ভাগ, কুমিল্লা বোর্ডে ৫২ দশমিক ১০ ভাগ ও যশোর বোর্ডে ৪৩ দশমিক ৬৪ ভাগ।